

## **া** বড় শির্ক ও ছোট শির্ক

বিভাগ/অধ্যায়ঃ ভারত উপমহাদেশে শির্ক প্রচলনের বিশেষ কারণসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ১. ইসলাম সম্পর্কে চরম মূর্খতা:

কোর'আন ও হাদীসের ব্যাপারে চরম মূর্খতা শির্ক বিস্তারের সর্বপ্রথম ও সর্ববৃহৎ কারণ। এ কারণেই মানুষ অতি সহজভাবেই পিতৃপুরুষ কর্তৃক প্রচলিত নীতি ও রসম-রেওয়াজের অন্ধ অনুসারী হয়ে যায় এবং এ কারণেই মানুষ ওলী-বুযুর্গদের ব্যাপারে বাড়াবাড়ি করতে শিখে।

উক্ত কারণেই এমন কিছু মাজারের পূজা করা হয় যেখানে কোন পীর-ফকির শায়িত নেই এবং এ কারণেই কোন পীর-ফকির যেনা-ব্যভিচার করলেও তা মুখ বুজে সহ্য করা হয়। প্রকাশ্যে মদের আড্ডা জমানোর পরও তাকে বরাবর ভক্তি করা হয়। উলঙ্গ হয়ে সবার সম্মুখে দিন-রাত ঘুরে বেড়ালেও তার বুযুর্গীর মধ্যে এতটুকুও কমতি আসে না।

বিদ্যা-বৃদ্ধির এহেন অপমৃত্যু, বিচার-বিবেচনার এ দীনতা, চরিত্রের এ অবক্ষয়-অবনতি, মানবিক আত্মমর্যাদাবোধের এ খোলা অপমান এবং আক্ষীদা-বিশ্বাসের এমন অস্তিত্ব হনন কোর'আন ও হাদীসের ব্যাপারে চরম মূর্খতার ফল বৈ আর কি?

Source — https://www.hadithbd.com/books/link/?id=11597

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন